দৈনিক সংবাদ

তারিখ 13 MAR 1997
পৃষ্ঠা ৫ কলাম ১

# পরীক্ষা এলেই ছাত্রছাত্রীরা ভিড় করে নির্দিষ্ট কিছু শিক্ষা প্রতিষ্ঠানে

রংপুর, ১২ই মার্চ (নিজস্ব সংবাদদাতা)।– রংপুর জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে ছাত্রছাত্রীদের মধ্যে পরীক্ষার পূর্বে শিক্ষা প্রতিষ্ঠান পরিবর্তন করে গ্রামমুখি হওয়ার প্রবণতা বৃদ্ধি পেয়েছে। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ছেড়ে ছাত্রছাত্রীরা নির্দিষ্ট কিছু শিক্ষা প্রতিষ্ঠানে ভিড় জমায়। এই সুযোগে এসব শিক্ষা প্রতিষ্ঠান ছাত্রছাত্রীদের কাছ থেকে লাখ লাখ টাকা হাতিয়ে নেয়।

রংপুর জেলায় মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে অনুসন্ধান চালিয়ে একটি বেসরকারি সংস্থার গোপন প্রতিবেদনে এই তথ্য পাওয়া গেছে। প্রতিবেদনে বলা হয়েছে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে মাধ্যমিক-উচ্চ মাধ্যমিক পরীক্ষার পূর্বে নির্দিষ্ট কয়েকটি প্রতিষ্ঠানে ছাত্র-ছাত্রীরা ভর্তি হচ্ছে। কারণ এসব প্রতিষ্ঠানে ''পরীক্ষা কেন্দ্র'' রয়েছে। যেসব শিক্ষা প্রতিষ্ঠান মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পরীক্ষা কেন্দ্র বহাল রাখার কিংবা পরীক্ষা কেন্দ্র স্থাপনের নিশ্চয়তা দিচ্ছে সেসব শিক্ষা প্রতিষ্ঠানের কদর বাড়ছে ছাত্রছাত্রীদের কাছে। এই শিক্ষা প্রতিষ্ঠানগুলো বেসরকারি ও গ্রাম পর্যায়ে স্থাপিত। ছাত্রছাত্রীরা পরীক্ষায় অধিক নম্বর পাবার আশায় ও অসদুপায় অবলম্বন প্রবণতার কারণে এই অবস্থার সৃষ্টি হয়েছে।

ছাত্রছাত্রীরা এসব প্রতিষ্ঠানের কাছ থেকে নকল করতে দেয়ার মৌখিক আশ্বাস পায় এবং সে সুযোগ দেয়া হয়। এর ফলে সেসব শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রছাত্রীরা পরীক্ষার ''বৈতরণী'' পার হওয়ার জন্য ভিড় জমায়। এমনও নজির পাওয়া গেছে এসব শিক্ষা প্রতিষ্ঠান পরীক্ষার পূর্বে স্থানীয় প্রশাসনের কর্মকর্তাদের সাথে ছাত্রছাত্রীদের অবৈধ পন্থার সুযোগে বাঁধা না দেয়ার জন্য আর্থিক লেনদেন করে থাকে।

এই পরিস্থিতির মুখে যেসব শিক্ষা প্রতিষ্ঠান ছাত্র-ছাত্রীদের পড়াশোনার মান ঠিক রাখার জন্য এবং মেধার পরিপূর্ণ বিকাশের স্বার্থে পরীক্ষার সময় নকল করার সুযোগ দিচ্ছে না সেসব শিক্ষা প্রতিষ্ঠান থেকে ছাত্রছাত্রীরা দলে দলে চলে যাচ্ছে অন্য প্রতিষ্ঠানে। আবার অনেকে এসব শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি হতে চায় না।